

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ জুন'২০২৪খ্রি.

### চট্টগ্রামে জলোচ্ছ্বাস ও ভূমিধসের বিষয়ে সতর্ক বার্তা দিল চসিক

চট্টগ্রামে জলোচ্ছ্বাস ও ভূমিধসের বিষয়ে সতর্ক বার্তা দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বুধবার চসিক সচিব মোহাম্মদ আশরাফুল আমিনের স্বাক্ষরিত এক চিঠিতে এ বিষয়ে কাউন্সিলরদের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে। এছাড়া ঝুঁকিপূর্ণ এলাকায় থাকা নাগরিকদের নিরাপদ আশ্রয় সরে যেতে মাইকিং করছে চসিক। আবহাওয়া অফিসের সতর্কবার্তা অনুসারে আগামী ০৩ (তিন) দিন সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চলনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় জলোচ্ছ্বাস ও ভূমিধসের সম্ভাবনা রয়েছে মর্মে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক ১৯.০৬.২০২৪ খ্রি. তারিখে সতর্কবাণীতে উল্লেখ রয়েছে। এছাড়াও উক্ত সতর্ক বার্তায় চট্টগ্রাম বন্দরকে ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। এমতাবস্থায়, আবহাওয়া অফিসের সতর্ক বার্তা অনুযায়ী জলোচ্ছ্বাস এবং ভূমিধসের বিষয়ে যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য কাউন্সিলরবৃন্দ জানিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এছাড়া, কর্পোরেশনের পক্ষ থেকে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরতদের দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে নির্দেশনা প্রদান করেছে চসিক।

### চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের উদ্যোগে ঈদ ফ্যাস্টিভ্যাল অনুষ্ঠানে মেয়র ঈদ আনন্দ ভাগাভাগি হোক সর্বস্তরে

ঈদ আনন্দ সবার মাঝে ছড়িয়ে দিতে বুধবার বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের উদ্যোগে এবং চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের সহযোগিতায় নগরীর একটি কমিউনিটি সেন্টারে "ফেস্টিভ্যাল অব সেক্রিফাইস" প্রোগ্রাম চট্টগ্রাম রেড ক্রিসেন্ট এর আওতাধীন সরকারি সিটি কলেজ ও সরকারি কমার্স কলেজ কর্তৃক পরিচালিত সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের ভাইস চেয়ারম্যান আলমগীর পারভেজ এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন-আলকরণ ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি আবদুল জব্বার। উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য এইচ. এম. সালাউদ্দিন, মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, কাজী তৌফিকুল আজম, মো. ইমতিয়াজ ও চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান আনাম তামজীদ। অনুষ্ঠান পরিচালনা করেন চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের সাংগঠনিক বিভাগীয় প্রধান দীপ্ত ভট্টাচার্য। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, রেড ক্রস ও রেড ক্রিসেন্ট বিশ্বব্যাপী স্বেচ্ছাসেবী, সদস্য ও কর্মী দ্বারা মানবিক আন্দোলনের মধ্যদিয়ে মানুষের জীবন এবং স্বাস্থ্য রক্ষায় কাজ করে যাচ্ছে। এছাড়াও মানবিক মানুষ তৈরিতে রেড ক্রিসেন্ট ভূমিকা পালন করছে অসহায় ও বিপদগ্রস্ত মানুষের সাথে কাজ করে যাচ্ছে। শেষে ঈদ আনন্দ সবার মাঝে ছড়িয়ে দেয়ার জন্য বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### অসুস্থ সাবেক কাউন্সিলরের পাশে মেয়র রেজাউল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বুধবার সকালে নগরীর উত্তর পতেঙ্গা ওয়ার্ডের অসুস্থ সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীনকে দেখতে তাঁর পতেঙ্গা বাস ভবনে যান। মেয়র জয়নাল আবেদীনের চিকিৎসার খোঁজ-খবর নেন ও আশু রোগ মুক্তি কামনা করেন এবং কিছু সময় তাঁর সাথে কাটান। এ সময় সিটি মেয়রের সাথে আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, আবদুস সালাম মাসুম ও সংরক্ষিত কাউন্সিলর শাহনূর বেগম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮